শেখ হাসিনার উদ্যোগ

# নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি

রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা

টেলিফোনঃ ০৯৫১-৬১৩৫৩, ০৯৫১-৬১৮৯৯, ই-মেইলঃ netrokonapbs@gmail.com

মুজিব শতবর্ষ 100
পল্লী বিদ্যুতের সেবা বর্ষ

স্মারক নং-২৭.১২.৭২০০.৫৪৫.০২.০০৮.২০২০. ৫২৮৬ তারিখঃ ২৪ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ
০৯/১১/২০২০খ্রিস্টাব্দ

## "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতিতে ক্যাশিয়ার পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে সহকারী ক্যাশিয়ার পদে কর্মরত ও সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং পবিস কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিতঃ ২০১২) অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত আবেদন আহবান করা যাচ্ছে।

### পদের নামঃ ক্যাশিয়ার

### প্রার্থীর যোগ্যতাঃ

১। সহকারী ক্যাশিয়ার হিসেবে ০৭ (সাত) বছর নিয়মিত চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।
২। কম্পিউটার ও অন্যান্য অফিস ইকুইপমেন্ট পরিচালনায় পারদর্শী হতে হবে।
৩। প্রতি মিনিটে ন্যূনতম বাংলা ১০ (দশ) টি ও ইংরেজী ৩০ (ত্রিশ) টি শব্দ টাইপে সক্ষম হতে হবে।
৪। পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী পদোন্নতির সকল শর্তসমূহ পূরণ হতে হবে।
৫। পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।
৬। সহকারী ক্যাশিয়ার পদে সর্বশেষ ০৩ (তিন) বছরের কর্মমূল্যায়ন রেটিং ন্যূনতম ৩.৫০ (তিন দশমিক পাঁচ শূন্য) থাকতে হবে।

### শর্তাবলীঃ

১। আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ঠ) চাকুরীতে নিয়মিতকরণের তারিখ উল্লেখ পূর্বক স্বহস্তে লিখিত আবেদনপত্রসহ আগামী ০৫/১২/২০২০খ্রিঃ তারিখ রোজ শনিবার, সকাল ১০:০০ ঘটিকার সময় নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর- রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা এ সশরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

### ২। আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ-

ক) বর্তমান পদে যোগদান, নিয়মিত করণ পত্রের ফটোকপি।
খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের ফটোকপি।
গ) সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি।
ঘ) সম্প্রতি তোলা ০২ (দুই) কপি রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
চ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।
ছ) সর্বশেষ ০৫ বছরের দন্ড উল্লেখ পূর্বক বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
জ) সকল কাগজপত্র এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

### ৩। পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ-

ক) সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
খ) সর্বশেষ ০১ (এক) বছর কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তানুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;

অঃ পৃঃ দ্রঃ

ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। উল্লেখ্য যে, বিভাগীয় কার্যক্রম অবসানের পর কোনরূপ দন্ডপ্রাপ্ত না হলে বিভাগীয় কার্যক্রমে অতিবাহিত সময় পরিচ্ছন্ন চাকুরীকাল হিসেবে গণ্য হবে।

জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়কালে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। উল্লেখ্য বিভাগীয় কার্যক্রম অবসানের পর কোনরূপ দন্ডপ্রাপ্ত না হলে বিভাগীয় কার্যক্রমে অতিবাহিত সময় পরিচ্ছন্ন চাকুরীকাল হিসেবে গণ্য হবে।

৪। <u>পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবেঃ-</u>

ক) পবিস নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট পদের "পদ বিবরণী" তে উল্লিখিত সকল শর্তাদি পূরণ করতে হবে।

খ) পদোন্নতির বিষয়ে পবিস নির্দেশিকা ৩০০-২৪ এ উল্লিখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।

গ) পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) এর ধারা ৭,১২,১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।

৫। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী মূল বেতন সংরক্ষণ করা হবে।

৬। পদোন্নতির জন্য জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র পবিস এর ভৌগোলিক এলাকায় (নেত্রকোনা সদর, পূর্বধলা, দূর্গাপুর, কলমাকান্দা, বারহাট্টা, মোহনগঞ্জ, আটপাড়া, মদন, খালিয়াজুরী, কেন্দুয়া ও সুনামগঞ্জ জেলার ধর্মপাশা উপজেলা) স্থায়ীভাবে বসাবাসকারীদের আবেদন করার প্রয়োজন নেই।

৭। ইতিপূর্বে অন্য কোন পবিস এর চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

৮। পদোন্নতির ক্ষেত্রে "পবিস চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত ২০১২)" এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে।

৯। সাধারণ জনগণের সাথে সৌজন্যমূলক ও প্রফুল্ল আচরণের অধিকারী হতে হবে।

১০। ন্যূনতম গ্রহণযোগ্য পারিবারিক আর্থিক স্বচ্ছলতা ও উত্তম পারিবারিক ইতিহাস থাকতে হবে। নিয়োগ প্রদানের পূর্বে পবিস কর্তৃপক্ষ কর্তৃক সরেজমিনে পরিদর্শন পূর্বক আর্থিক স্বচ্ছলতা ও উত্তম পরিবারিক ইতিহাস যাচাই করা হবে।

১১। চাকুরীতে যোগদানের সময় ১৫,০০০/- (পনের হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসাবে জমা প্রদানে প্রার্থীর সামর্থ থাকতে হবে যা পরবর্তীতে সাফল্যজনক ও সন্তোষজনক ভাবে চাকুরী সমাপ্তিতে সুদসহ ফেরৎ প্রদান করা হবে।

১২। ক্যাশিয়ার পদে নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য ''চলতি দায়িত্ব'' হিসেবে নিয়োগ করা হবে। চলতি দায়িত্ব কালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। তবে চলতি দায়িত্বে থাকাকালীন আচরণ ও কর্ম দক্ষতার মান সন্তোষজনক বিবেচিত না হলে দক্ষতার মান উন্নয়নের জন্য অনধিক ০৬ (ছয়) মাস সময় বর্ধিত করা যাবে অথবা যে পদ হতে পদোন্নতি দেয়া হবে সে পদে (পূর্ববর্তী পদে) প্রত্যাবর্তন করা যাবে।

১৩। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের স্বামী বা স্ত্রী অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না। কোন প্রার্থী তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্তসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

১৪। শর্তাবলীতে উল্লেখ নেই এমন কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৫। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

বিজ্ঞপ্তিটি ই-মেইলেও প্রেরণ করা হল।

09/11/202

( মোঃ জাকির হোসেন )
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপিঃ- <u>(সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।</u>

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ(কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার...............১/২/৩/৪। | যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের অবহিত করণের জন্য অনুরোধ করা হলো।
০৪। ডিজিএম, দূর্গাপুর/ মোহনগঞ্জ/কেন্দুয়া/পূর্বধলা/মদন জোনাল অফিস/(কারিগরী), নেত্রকোণা পবিস।
০৫। এজিএম (ওএন্ডএম/ইএন্ডসি/প্রশাসন/সদস্য সেবা/অর্থ), নেত্রকোনা পবিস।
০৬। এজিএম (ওএন্ডএম), কলমাকান্দা/আটপাড়া সাব জোনাল অফিস, নেত্রকোণা পবিস।
০৭। নোটিশ বোর্ড, নেত্রকোণা পবিস।
০৮। অফিস/মাস্টার কপি।

09/11/20

( মোঃ জাকির হোসেন )
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)